দৈনিক ইত্তেফাক

২২

তারিখ 12 MAR 1996
পৃষ্ঠা ৪

## প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত

১৯৯৫ সালের দেশব্যাপী প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হইয়াছে। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের প্রাথমিক শিক্ষার বিভাগীয় উপ-পরিচালকের দপ্তরে এই ফলাফল পাওয়া যাবে। এ ছাড়াও সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের দপ্তরে এবং সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসারের দপ্তরে এই ফলাফল প্রচারের ব্যবস্থা নেওয়া হইয়াছে।

১৯৯৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগ হইতে যথাক্রমে ৭৪২৯২, ৫৪১৭৬, ৫৮৬২৩, ৩১৯৭১ ও ১২৯৩৮ জন পরীক্ষার্থী প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। তন্মধ্যে ট্যালেন্টপুলে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগ হইতে যথাক্রমে ৬৭৫, ৬০২, ৫৫০, ২৮৪ ও ১৮৮ জন এবং সাধারণ বৃত্তি কোটায় যথাক্রমে ২৭০৬, ২৩৬৫, ২৩৪৫, ১২৭৩, ও ৬৭৮ জন বৃত্তি পাইয়াছে। এছাড়াও বিভাগওয়ারী ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগে যথাক্রমে ১৩৮, ৩৫৫, ৫৯, ২৭ ও ৫৬ জন সম্পূরক বৃত্তি পাইয়াছে। —তথ্য বিবরণী